# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**16 MARCH 2026 7:45—7:55**

---

১) নির্বাচনী বিজ্ঞপ্তী জারি হোয়ার সংগে সংগে রাজ্যে মনোনয়ন প্রক্রিয়া আরম্ভ ।

২) বিধানসভা নির্বাচনের জন্য জেলা প্রশাসনগুলির কঠোর নীতি নির্দেশনা জারি ।

৩) সি পি আই এম দলের দুটি আসনের জন্য প্রার্থী ঘোষনা ।

এবং

৪) ২০২৫ সালের সাহিত্য একাডেমী পুরষ্কার ঘোষনা ।

-----------------------------------------------------------------------------------

আসামের মুখ্য নির্বাচনী আধিকারিক অনুরাগ গোয়েল রাজ্যে বিধানসভা নির্বাচনের জন্য বিজ্ঞপ্তী জারি করা হয়েছে বলে আজ ঘোষনা করেন ।সংগে সংগে মনোনয়ন প্রক্রিয়া ও আরম্ভ হয়ে গেল বলে তিনি উল্লেখ করেন । ১২৬ টি আসনের জন্য মনোনয়নপত্র দাখিলের অন্তিম দিন হচ্ছে ২৩ শে মার্চ । আসনগুলির মধ্যে ৯ টি অনুসূচিত জাতির জন্য ও ১৯ টি অনুসূচিত জনজাতির জন্য সংরক্ষিত করা হয়েছে বলে শ্রী গোয়েল সাংবাদিকদের জানান । তিনি বলেন যে রাজ্যের ৩১ হাজার ৪৮৬ টি ভোটকেন্দ্রে দুই কোটি ৫০ লক্ষ ২১ হাজার ৪১৩ জন ভোটদাতা তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন । এই ভোটগ্রহণে একশ শতাংশ ওয়েবকাস্টিং এর ব্যবস্থা করা হবে । ভোটগ্রহণ সুষ্ঠু ও শান্তিপূর্নভাবে পরিচালনার জন্য কেন্দ্রীয় সংরক্ষিত পুলিশ বাহিনীর ২০০ টি কোম্পানী ইতিমধ্যে রাজ্যে এসেছে ও এই সপ্তাহে আরো কয়েক কোম্পানী আসবে বলে শ্রী গোয়েল জানিয়েছেন । দলগাও আসনে সর্বাধিক সংখ্যক ও অনুসূচিত জনজাতির জন্য সংরক্ষিত আমরি আসনে সর্বনিম্ন ভোটদাতা রয়েছেন বলে তিনি জানান ।

বাইট ------------

-------------------------------------------------------------------------------------------

আসন্ন বিধানসভা নির্বাচনের দিন ঘোষণার পর রাজ্যের বেশ কয়েকটি জেলার আয়ুক্ত তথা নির্বাচন আধিকারীক নির্বাচনী প্রস্তুতি সম্পর্কে সব বিভাগীয় প্রধান তথা উন্নয়ন খন্ড আধিকারীকদের সঙ্গে বৈঠকে মিলিত হন । কাছাড় জেলা আয়ুক্ত তথা জেলা নির্বাচন আধিকারীক আয়ুষ গার্গ আজ জেলা আয়ুক্তের সভাকক্ষে এক সাংবাদিক সম্মেলন অংশগ্রহণ করে আদর্শ আচরণ বিধি মেনে চলার আহ্বান জানান । জেলা আয়ুক্ত শ্রী গার্গ কোন ধরণের অভিযোগ থাকলে তৎক্ষণাৎ সি ভিজিল এ্যাপে অভিযোগ জানাতে বলেন । সামাজিক মাধ্যমে কোন ধরণের আপত্তিজনক পোষ্ট বা ভূয়ো খবর প্রচার করা থেকে বিরত থাকার আহ্বান জানান তিনি । অন্যথায় এর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও জানান । জেলা নির্বাচন আধিকারীক আরও জানান যে এবারের নির্বাচনের সময় নির্বাচনের কাজে জড়িত ভোটকর্মীরা জেলার সাতটি বিধানসভা আসনের প্রত্যেক ভোটকেন্দ্রের উদ্দেশ্যে একদিন আগে রওয়ানা হবেন । আগে ভোটকর্মীরা প্রত্যন্ত অঞ্চলের ভোটকেন্দ্রের উদ্দেশ্যে দুদিন আগে রওয়ানা হতেন ।এবারে এর ব্যতিক্রম থাকবে বলে তিনি জানান ।

-------------------------------------------------------------------------------------------

কাছাড় জেলায়  স্বচ্ছ , সুষ্ঠু , অবাধ ও শান্তিপূর্ণভাবে বিধানসভা নির্বাচন প্রক্রিয়া নিশ্চিত করার উদ্দেশ্যে  জেলা প্রশাসন জেলার সাতটি বিধানসভা আসনের জন্য মনোনয়নপত্র গ্রহণ ও যাচাই প্রক্রিয়ার জন্য নির্ধারিত স্থান ঘোষণা করেছে ।জেলা নির্বাচন আধিকারীকের কার্যালয় থেকে জারি করা এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে লক্ষীপুর , উধারবন্দ , কাটিগড়া , বড়খলা , শিলচর , সোনাই এবং ধলাই সংরক্ষিত আসনের মনোনয়ন প্রক্রিয়া শিলচরে জেলা আয়ুক্তের কার্যালয় প্রাঙ্গনের সংশ্লিষ্ট নির্বাচনী আধিকারীকদের কক্ষে সম্পন্ন করা হবে । ১০৪ নম্বর লক্ষীপুর বিধানসভা আসনের ক্ষেত্রে নির্বাচন আধিকারীক ধ্রুবজ্যোতি পাঠক লক্ষীপুর সম জেলা আয়ুক্তের কার্যালয়ের মূল ভবনের প্রথম তলার ১১৪ নম্বর কক্ষে মনোনয়নপত্র গ্রহণ করবেন ।১১৫ নম্বর উধারবন্দ বিধানসভা আসনের মনোনয়নপত্র নির্বাচন আধিকারীক মনোজ্যোতি কুটুম ১১৫ নম্বর কক্ষে মনোনয়নপত্র গ্রহণ করবেন । ১১৬ নম্বর কাটিগড়া বিধানসভা আসনের জন্য জেলা পরিষদের প্রধান কার্যবাহী আধিকারীক ডরোথি সুচিয়াং উন্নয়ন ভবনের ১১৬ নম্বর কক্ষে মনোনয়নপত্র গ্রহণ করবেন । অনুরূপভাবে ১১৭ নম্বর বড়খলা আসনের জন্য নির্বাচন আধিকারীক রাজীব রায় উন্নয়ন ভবনের ১১৭ নম্বর কক্ষে মনোনয়নপত্র গ্রহণ করবেন ।১১৮ নম্বর শিলচর বিধানসভা আসনের মনোনয়ন

প্রক্রিয়া পরিচালনা করবেন অতিরিক্ত আয়ুক্ত তথঅ নির্বাচন আধিকারীক রক্তিম বড়ুয়া । তিনি উন্নয়ন ভবনের ১১৮ নম্বর কক্ষে মনোনয়নপত্র গ্রহণ করবেন ।১১৯ নম্বর সোনাই আসনের জন্য নির্বাচন আধিকারীক ডেভিড কুমার বরা জেলা আয়ুক্ত কার্যালয়ের মূল ভবনের ১১৯ নম্বর কক্ষে মনোনয়নপত্র গ্রহণ করবেন ।অন্যদিকে ১২০ নম্বর ধলাই সংরক্ষিত আসনের জন্য নির্বাচন আধিকারীক সৌভিক ভূঁইয়া
উন্নয়ন ভবনের ১২০ নম্বর কক্ষে মনোনয়নপত্র গ্রহণ করবেন ।জেলা আয়ুক্ত তথা জেলা নির্বাচন অধিকারীক আয়ুষ গার্গের নেতৃত্বে জেলা প্রশাসন এই ব্যবস্থা গ্রহণ করেছে ।

---

শ্রীভূমি জেলা প্রশাসনের পক্ষ থেকে আসন্ন বিধানসভা নির্বাচন অবাধ , সুষ্ঠ ও শান্তিপুর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ১৬৩ ধারার অধীনে বেশ কিছু বিধিনেষেধ জারী করা হয়েছে । নিষেধাজ্ঞায় বলা হয়েছে যে অনুমতি ছাড়া পাঁচ বা ততোধিক ব্যাক্তি একত্রিত হতে পারবেন না । অনুমতি ছাড়া কোন সরকারী-বেসরকারী প্রাঙ্গন , শিক্ষা প্রতিষ্ঠান , অতিথিশালায় নির্বাচনী প্রচার অভিযান চালানো যাবে না । যেকোন ধরনের অস্ত্র , বিস্ফোরক বা সন্দেহজনক বস্তু বহন করা যাবে না । এছাড়া অনুমতি ছাড়া কোন জনসভা , র‍্যালী , ধর্না বা মিছিল করা যাবে না । পাশাপাশি কোন জাতি,ধর্ম বা সম্প্রদায়কে আঘাত করে উস্কানিমূলক ভাষন , স্লোগান , ব্যানার বা দেওয়াল লিখন সম্পুর্ন নিষিদ্ধ করা হয়েছে । মনোনয়ন পত্র জমা দেওয়ার সময় জেলা আয়ুক্তের কার্য্যলয়ের একশ মিটারের মধ্যে কোন যানবাহন রাখা যাবে না । তবে এই নির্দেশ সরকারী কর্মচারী , পুলিশ , আধা সামারিক বাহিনী, অ্যাম্বুল্যান্স বা অগ্নিনির্বাপক পরিষেবার মতো জরুরী পরিষেবার ক্ষেত্রে প্রযোজ্য হবে না । নির্দেশ অমান্য করলে আইনী ব্যবস্থা গ্রহন করা হবে ।

---

শ্রীভূমি জেলা প্রশাসনের পক্ষ থেকে আজ জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে রাজনৈতিক দলগুলোর সঙ্গে এক সভার আয়োজন করা হয় । জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী আর্দশ আচরন বিধি মেনে চলতে রাজনৈতিক দলের কর্মকর্তাদের প্রতি আহ্বান জানিয়েছেন । এছাড়া সভায় জানানো হয় যে বিধানসভা নির্বাচনের কোন কাজ সমজেলায় হবে না । নির্বাচনে অবতীর্ন কোন প্রার্থীর হয়ে কোন ব্যাক্তি ব্যয় করতে পারবেন না । সরকারী কার্য্যলয় , ভবনে থাকা সব ধরনের পোষ্টার , ব্যানার , ফ্লেক্স , দেওয়াল লিখন অবিলম্বে সরিয়ে নিতে হবে । নির্দেশ অমান্য করলে কঠোর ব্যবস্থা গ্রহন করা হবে ।

-----------------------------------------------------------------------------------

আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য সি পি আই এম দল আজ দুটি আসনের জন্য প্রার্থী ঘোষনা করেছে । দলটি সাংবাদিক সম্মেলনে জানায় ভবানীপুর সরভোগ বিধানসভা আসনের জন মনোরঞ্জন তালুকদারকে প্রার্থীত্ব দেওয়া হয়েছে । অন্যদিকে গোরেশ্বর আসনের জন্য বাপুরাম বড়োকে প্রার্তীত্ব প্রদান করা হয়েছে । উল্লেখ্য বিধানসভা নির্বাচনের জন্য কংগ্রেস , অসম জাতীয় পরিষদ , সি পি আই এম , এ পি এইচ এল সি ও সি পি আই এম এল দলের মধ্যে আসন সমঝোতা সম্পন্ন হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

নির্বাচন কমিশন আসাম বিধানসভা নির্বাচনের জন্য অবসরপ্রাপ্ত ভারতীয় প্রশাসনিক সেবা আধিকারিক মনজিৎ সিংকে আজ বিশেষ পর্যবেক্ষক হিসেবে নিযুক্তি দিয়েছে । আধিকারিক শ্রী সিং আসামে নির্বাচনের সমগ্র দিক পর্যবেক্ষন করা সহ আসনগুলিতে নির্বাচনী কার্যকলাপের ওপর দৃষ্টি রাখবেন ।রাজ্য নির্বাচন কমিশনের সহযোগীতায় তিনি বিধানসভা নির্বাচনের পুংখানুপুংখভাবে পর্যবেক্ষণ ও নির্বাচনী আচরণ বিধি ভংগ সম্পর্কিত বিষয় গুরুত্ব সহকারে তদারকি করবেন ।ঐসময় কেহ নির্বাচনী আচরণবিধি ভংগ করার চেষ্টা করলে বিহিত ব্যবস্থা গ্রহণ করবেন ।

-----------------------------------------------------------------------------------

২০২৫ সালের সাহিত্য একাডেমী পুরষ্কারগুলি আজ ঘোষনা করা হয়েছে । বাংলা ভাষায় প্রসূণ বন্দোপাধ্যায় শ্রেষ্ঠ কবিতা শীর্ষক কাব্যগ্রন্থের জন্য পুরষ্কার লাভ করছেন ।অসমীয়া ভাষায় দেবব্রত দাস কড়ি খেলার সাধু উপন্যাসের জন্য বড়ো ভাষায় সাহাইসুলি ব্রক্ষ্ম দৌংনুরি লামা মৌনচে গঠীন উপন্যাসের জন্য এই পুরষ্কার পেয়েছেন । মণিপুরী ভাষায় হাওবাম নলিনী কাংলামদ্রিবা ইফত নামের ছোট গল্প সংকলনের জন্য পুরষ্কার পেয়েছেন ।

-----------------------------------------------------------------------------------

গুরুচরন বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের উদ্যোগে আজ বিশ্ববিদ্যালয়ের সভাকক্ষে যথাযোগ্য মর্যাদায় স্বাধীনতা সংগ্রামী বীর শম্ভুধন ফাংলোর ১৭৬তম জন্মবার্ষিকী বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে পালন করা হয়েছে । প্রথমে স্বাধীনতা সংগ্রামী শম্ভুধন ফাংলোর প্রতিকৃতিতে শ্রদ্ধা জ্ঞাপন করা হয়েছে । পরে আয়োজিত আলোচনা সভায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য অধ্যাপক নিরঞ্জন রায় ও বীর শম্ভুধন ফাংলোর প্রপৌত্র অজয় ফাংলো বক্তব্য রাখেন ।

এদিকে ডিমান্ডস ইমপ্লিমেনটেশন কমিটি , খসোমা চেরিটেবল ট্রাস্ট , ডিমাসা কাছাড়ি ওমেনস ওরগেনাইজেশন , বনিরাম দা ওলাগপু ট্রাইবেল মাল্টিপেয়ার গ্রুপ এবং বর্মন ট্রাইবেল ফিমেল ওয়েলফেয়ার ওর্গেনাইজেশন কমিটির যৌথ উদ্যোগে আজ জয়পুর মডেল গ্রামে স্বাধীনতা সংগ্রামী বীর শম্ভুধন ফাংলোর জন্ম দিন বিভিন্ন কার্যসূচীর মধ্য দিয়ে পালিত হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

২০২৫ সালের সাহিত্য একাডেমী পুরষ্কারগুলি আজ ঘোষনা করা হয়েছে । বাংলা ভাষায় প্রসূণ বন্দোপাধ্যায় শ্রেষ্ঠ কবিতা শীর্ষক কাব্যগ্রন্থের জন্য পুরষ্কার লাভ করছেন ।অসমীয়া ভাষায় দেবব্রত দাস কড়ি খেলার সাধু উপন্যাসের জন্য বড়ো ভাষায় সাহাইসুলি ব্রহ্ম্ম দৌংনুরি লামা মৌনচে গঠীন উপন্যাসের জন্য এই পুরষ্কার পেয়েছেন । মণিপুরী ভাষায় হাওবাম নলিনী কাংলামদ্রিবা ইফত নামের ছোট গল্প সংকলনের জন্য পুরষ্কার পেয়েছেন ।

-----------------------------------------------------------------------------------